

بِسْمِ اللّٰهِ الرَّحْمٰنِ الرَّحِیْمِ

Phone –(202) 244-0183

Fax : (202) 244-2771/7830

E-mail : [bdootwash@bdembassyusa.org](mailto:bdootwash@bdembassyusa.org)

Website : [www.bdembassyusa.org](http://www.bdembassyusa.org)



EMBASSY OF THE  
PEOPLE'S REPUBLIC OF BANGLADESH  
3510 International Drive, NW  
Washington, D.C 20008

## প্রেস বিজ্ঞপ্তি

জুন ১৫, ২০১১

### মার্কিন বাজারে বাংলাদেশী পণ্যের শুল্কমুক্ত প্রবেশের অনুরোধ

মার্কিন বাজারে বাংলাদেশ তার পণ্যের শুল্কমুক্ত প্রবেশাধিকারের অধিকার রাখে এবং সে ব্যাপারে যুক্তরাষ্ট্র কংগ্রেসকে একটি কার্যকর ভূমিকা রাখা উচিত। তাছাড়া, বর্তমান কাঠামো অব্যাহত রেখেই জিএসপি সুবিধা নবায়ন করতেও কংগ্রেসকে সক্রিয় ভূমিকা রাখা প্রয়োজন। আজ ওয়াশিংটনে কংগ্রেসওয়ান এবং হাউজ অব রিপ্রেজেন্টেটিভস এর 'ওয়েজ এ্যান্ড মিনজ' কমিটি এর আওতাধীন ট্রেড সাব-কমিটির সদস্য কংগ্রেসওয়ান লিন জেনকিনস (রিপাবলিকান-কানসাস) এর সাথে এক বৈঠকে যুক্তরাষ্ট্রে নিযুক্ত বাংলাদেশের রাষ্ট্রদূত এবং প্রতিমন্ত্রী জনাব আকরামুল কাদের একথা বলেন। রাষ্ট্রদূত কাদের জানান যে, ডিসেম্বর ২০১০ সালে জিএসপি সুবিধার মেয়াদ উত্তীর্ণ হয়। তিনি কংগ্রেসওয়ান জেনকিনসকে কোন রকম সংশোধনী ছাড়াই জিএসপির বিদ্যমান কাঠামো বজায় রেখে জিএসপি পুনঃনবায়নের উদ্যোগ নেয়ার জন্য অনুরোধ জানান, যাতে করে বাংলাদেশ এর আওতায় রপ্তানীযোগ্য সব পণ্যের ক্ষেত্রে পূর্ণাঙ্গ সুবিধা পেতে পারে।

বাংলাদেশে নারীর ক্ষমতায়ন ও দারিদ্র দূরীকরণে তৈরী পোষাকে যুক্তরাষ্ট্রে শুল্কমুক্ত বাজার সুবিধার গুরুত্ব তুলে ধরে এবং বিগত কংগ্রেসে উত্থাপিত 'নিউ পার্টনারশীপ ফর ট্রেড ডেভেলপমেন্ট এ্যাক্ট (NPTDA) ২০০৯' নামক মার্কেট এ্যাকসেস বিলটি উত্তীর্ণ হয়ে যাওয়ার বাস্তবতা উল্লেখ্য করে নতুন কংগ্রেসে অনুরূপ একটি বিল পুনঃউপস্থাপিত হলে তাতে সমর্থন প্রদানের জন্যও তিনি কংগ্রেসওয়ানকে অনুরোধ করেন। প্রত্যুত্তরে কংগ্রেসওয়ান জেনকিনস উল্লেখিত বিষয়ে এবং বিশেষতঃ জিএসপি নবায়ন ইস্যুতে কাজ করার আশ্বাস প্রদান করেন।

ওয়াশিংটনস্থ বাংলাদেশ দূতাবাসের কাউন্সেলর (কমার্স) জনাব মোঃ শফিকুল ইসলাম এবং কংগ্রেসওয়ান অফিস এর এ্যাডমিনিষ্ট্রেটিভ এ্যাসিস্টেন্ট মিঃ এরিক ইস্মুজ এই বৈঠকে উপস্থিত ছিলেন।

بِسْمِ اللَّهِ الرَّحْمَنِ الرَّحِيمِ

Phone –(202) 244-0183

Fax : (202) 244-2771/7830

E-mail : [bdootwash@bdembassyusa.org](mailto:bdootwash@bdembassyusa.org)

Website : [www.bdembassyusa.org](http://www.bdembassyusa.org)



EMBASSY OF THE  
PEOPLE'S REPUBLIC OF BANGLADESH  
3510 International Drive, NW  
Washington, D.C 20008

## **Press Release**

15 June 2011

### **Duty free access for Bangladeshi products in US market sought**

Bangladesh deserves duty-free access to the US market and US Congress should play a proactive role in this regard. The US Congress should also renew the GSP program in its existing forms. This was said by Bangladesh ambassador to USA and State Minister Mr. Akramul Qader during a meeting with Congresswoman Lynn Jenkins (R-KS2) who is also the member of the Trade Sub-Committee under the Ways and Means Committee in the House of Representatives. Ambassador Qader informed that GSP expired in December 2010 and requested Congresswoman Jenkins for GSP renewal by the US Congress without any amendment in order for Bangladesh to get full benefits in exporting all items covered by the facilities under GSP. Pointing out the importance of duty-free market access in USA for readymade garments in order to alleviate poverty, and empowering women in Bangladesh and citing the fact of expiry of the market access bill named 'New Partnership for Trade Development Act (NPTDA) 2009' he also requested the Congresswoman to consider supporting any similar bill to be reintroduced in the new congress in near future. In response, the Congresswoman Jenkins assured to work on the issues, especially on GSP renewal.

Counselor (Commerce) of Bangladesh Embassy Mr. Md. Shafiqul Islam and Administrative Assistant of the Congresswoman's Office Mr. Eric D. Schmutz were present at the meeting.

---

Swapan Kumar Saha, Minister (Press), Phone: 202-244-5071, Fax: 202-244-2771/7830  
e-mail: [pressministerwash@yahoo.com](mailto:pressministerwash@yahoo.com)